

উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	:	জনাব মোঃ আরিফুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
সভার তারিখ	:	২৭-০৯-২০১৮ খ্রিঃ।
সময়	:	বিকাল ০৪.৪৫ ঘটিকা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি নতুন নতুন ইনোভেশন এর ধারণা প্রবর্তন করার জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং সকলের জন্য আলোচনার দ্বার উন্মোচন করেন।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া সিরাজগঞ্জ বলেন যে, ইনোভেশনের অংশ হিসেবে উপজেলা মৎস্য বিভাগের কাজের সুবিধার্থে এবং মৎস্যজীবীদের সহজে ও স্বল্প সময়ে সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে মৎস্যজীবীদের তথ্য সংগ্রহ পূর্বক তাদের পরিচয় পত্র প্রদান কার্যক্রম অব্যাহত আছে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া সিরাজগঞ্জ বলেন, ইনোভেশন হিসেবে উল্লাপাড়া উপজেলার সকল মুক্তিযোদ্ধা তথ্য সম্বলিত একটি আর্কাইভ তৈরি করা যেতে পারে। যাতে উপজেলার সকল মুক্তিযোদ্ধাদের নাম, পরিচয়, যুদ্ধকালীন একটি উল্লেখযোগ্য ঘটনার বর্ণনা সহ ২ থেকে ৩ মিনিটের একটি ভিডিও ধারণ করা হবে।

সভাপতি মহোদয় বলেন, উপজেলা সমাজ সেবা অফিস এবং উপজেলা মহিলা বিষয়ক অফিস হতে প্রদত্ত ভাতাদি যেমন, বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা, বিধবা ভাতা প্রদানের ক্ষেত্রে ভাতাভোগী নির্বাচন সহজীকরণ করার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে উপজেলার সকল বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী ও বিধবা মহিলাদের ডাটাবেজ প্রস্তুতকরণ। এর ফলে কোন ভাতাভোগীর মৃত্যু হলে নতুন ভাতাভোগী সংযোগজনের ক্ষেত্রে অতি সহজেই ডাটাবেজ ভুক্তদের মধ্য থেকে ভাতাভোগী নির্বাচন করা সম্ভব হবে।

সভাপতি মহোদয় আরোও বলেন ইনোভেশন হিসেবে উল্লাপাড়া উপজেলা পরিষদে সেবা নিতে আসা সেবা গ্রহীতাদের জন্য সুপেয় খাবার পানির সুবিধাসহ একটি অপেক্ষমান কক্ষ নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আরিফুজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

উল্লাপাড়া, সিরাজগঞ্জ

e-mail. unoullapara@gmail.com

ফোন নং : ০৭৫২৯-৫৬১২৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৫.০০৫.১৮-১৫২৫

তারিখ : ২৭-০৯-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ০২। উপজেলা ----- অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
- ০৩। চেয়ারম্যান, ----- (সকল), ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ০৪। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ০৫। উদ্যোক্তা, -----পিডিসি/ইউডিসি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ০৬। অফিস কপি


উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ